

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৮৮

১/ বিবিধ

আরবী

قال بنو إسرائيل لموسى: هل يصلى ربكم؟ فتكابد موسى لذلك، فقال الله تعالى: ما قالوا لك يا موسى؟ فقال: الذي سمعت. قال: فأخبرهم أني أصلى، وأن صلاتي تطفيء غضبي ضعيف

ذكره السيوطي في "اللالي" (1/22) شاهداً للذى قبله من حديث أبي هريرة يرفعه، ولم يذكر من خرجه، إلا أنه نقل عن الفيروزبادى صاحب "القاموس" أنه قال

" وإنسانه جيد، ورجاله ثقات يحتاج بهم في الصحيحين، وليس فيه علة غير أن الحسن رواه عن أبي هريرة، ولم يسمع منه عند الأكثرين قلت: فإذا ذكرت فيه علة، فأنا له الجودة؟ ! على أنه لو سلم بثبوت سماعه منه في الجملة لجاءت علة أخرى، وهي عنونة الحسن، فقد كان مدلساً، كما سبق مراراً فالإسناد ضعيف إذن

ولعل الحديث من الإسرائيليات، أخطأ بعض الرواة فرفعه إليه صلى الله عليه وسلم والله أعلم

ثم رأيت السيوطي في "الجامع الكبير" عزاه للديلمي وابن عساكر وهو عنده في "تاريخ دمشق" (17/190) من طريق قتادة عن الحسن عن أبي هريرة

مرفوعا

বাংলা

১৩৮৮। বানু ইসরাইলরা মূসা (আঃ)-কে বললঃ আপনার প্রতিপালক কি সালাত আদায় করেন? তিনি এ কারণে ভীষণ চিন্তিত হয়ে পড়লেন। তখন আল্লাহ্ তা'আলা বললেনঃ হে মূসা তোমাকে তারা কী বলেছে? তিনি বললেনঃ আপনি যা শুনেছেন। আল্লাহ্ বললেনঃ তুমি তাদেরকে সংবাদ দাও আমি সালাত আদায় করি। আর আমার সালাত আমার রাগকে নিভিয়ে দেয়।

হাদীসটি দুর্বল।

হাদীসটি সুযুক্তী “আললাআলী” গ্রন্থে (১/২২) পূর্বের হাদীসটির শাহেদ হিসেবে আবু হুরাইরাহ (রাঃ)-এর হাদীস হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন। কিন্তু তিনি বলেননি যে হাদীসটি কে বর্ণনা করেছেন। তবে তিনি “আলকামুস” গ্রন্থের লেখক ফরোয়াবাদীর উদ্ধৃতিতে বর্ণনা করেছেন যে, তিনি বলেনঃ তার সনদটি ভালো এবং তার বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য বর্ণনাকারী, তাদের দ্বারা বুখারী এবং মুসলিমের মধ্যে দলীল গ্রহণ করা হয়েছে। এর সনদের মধ্যে হাসান বাসরী কর্তৃক আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করা ছাড়া অন্য কোন সমস্যা নেই। কারণ অধিকাংশ মুহাদ্দিসগণের মতানুযায়ী তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে শ্রবণ করেননি।

আমি (আলবানী) বলছিঃ অতএব সনদের মধ্যে সমস্যা রয়েছে তাহলে সনদটি ভালো কিভাবে? যদি ধরে নেয়া হয় যে, তিনি তার থেকে শুনেছেন তাহলে দ্বিতীয় আরেকটি সমস্যা রয়েছে আর সেটি হচ্ছে হাদীসটি হাসান হতে আন আন করে বর্ণনাকৃত। কারণ তিনি একজন মুদাল্লিস বর্ণনাকারী। যেমনটি পূর্বে তার সম্পর্কে বার বার আলোচনা করা হয়েছে। অতএব হাদীসটির সনদ দুর্বল।

সম্ভবত হাদীসটি ইসরাইলীদের থেকে বর্ণনাকৃত। কোন কোন বর্ণনাকারী ভুলক্রমে হাদীসটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্যন্ত মারফু’ বানিয়ে ফেলেছেন। আল্লাহই বেশী জানেন।

অতঃপর সুযুক্তীকে দেখেছি তিনি "আলজামেউস সাগীর" গ্রন্থে হাদীসটি দায়লামী এবং ইবনু আসাকিরের উদ্ধৃতিতে উল্লেখ করেছেন।

হাদীসটি ইবনু আসাকিরের নিকট “তারীখু দেমাক্ষ” গ্রন্থে (১৭/১৯০/১) কাতাদাহ সূত্রে হাসান হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72267>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন